

Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 25 April, 2025

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ও মালয়েশিয়ার লিংকন বিশ্ববিদ্যালয় কলেজের মধ্যে দ্বিপাক্ষিক এক সমঝোতা স্মারক (□□□) স্বাক্ষরিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস কক্ষে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে এই চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

চুক্তিতে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. মিজানুর রহমান এবং লিংকন বিশ্ববিদ্যালয় কলেজের পক্ষে স্বাক্ষর করেন সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক ও ইউনুস সোশ্যাল বিজনেস সেন্টারের সেন্টার সেক্রেটারি ড. জিহাদ সিরাজ চৌধুরী।

সাক্ষী হিসেবে স্বাক্ষর করেন পরিবহন প্রশাসক ও সংগীত বিভাগের অধ্যাপক ড. আহমেদ শাকিল হাসমী।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. এ.এইচ.এম. কামাল, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. সাখাওয়াত হোসেন সরকার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. বখতিয়ার উদ্দিন, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. তপন কুমার সরকার, আইন অনুষদের ডিন মুহাম্মদ ইরফান আজিজ এবং বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মো. হাবিব-উল-মাওলা (মাওলা প্রিন্স)।

চুক্তির আওতায় দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক ও সাংস্কৃতিক সম্পর্ক সৃষ্টির ফলে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে একাডেমিক বিনিময়, প্রশিক্ষণ, ইন্টার্নশিপ, শিক্ষার্থী বিনিময় কর্মসূচি, গেস্ট লেকচার এবং শিক্ষামূলক পরিদর্শনের সুযোগ তৈরি হবে।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে এ ধরনের আন্তর্জাতিক সহযোগিতাকে উচ্চশিক্ষার মানোন্নয়নে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচনা করা হচ্ছে শিক্ষার্থীরাও এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে।

বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রশাসন

Generated on 28 June, 2025 15:14

URL: <https://www.timestodaybd.com/campus/1419775807>